শ্রীমঙ্গলে সড়ক দুর্ঘটনায় ২ মোটরসাইকেল আরোহী নিহত

মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলায় মাইক্রোবাসের সঙ্গে মুখোমুখি সংঘর্ষে মোটরসাইকেলের দুই আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় আরো এক আরোহী গুরুতর আহত হয়েছেন। নিহতরা হলেন শ্রীমঙ্গল উপজেলার আশিদ্রোন ইউনিয়নের বিলাসেরপাড় এলাকার বিমল সরকার ও একই এলাকার আশরাফুর রহমান।

পুলিশ সূত্রে জানা যায়, সোমবার সন্ধ্যায় উপজেলার ঢাকা-সিলেট সড়কের উত্তরসুর এলাকার ভটের মিল নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। ঘটনার পরপরই আহতের উদ্ধার করে শ্রীমঙ্গল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠানো হয়। শ্রীমঙ্গল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে তাদের মৌলভীবাজার সদর হাসপাতালে পাঠানো হয়। সেখানের ডা. নাঙ্গমা তিনজনের মধ্যে দুইজন মারা যাওয়ার খবর নিশ্চিত করেছেন। শ্রীমঙ্গল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুছ সালেক গণমাধ্যমকে জানান, ওই তিন আরোহী মোটরসাইকেলে শহর থেকে বাড়ি যাওয়ার যাচ্ছিল। পথে মাইক্রোবাসের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে মোটরসাইকেলের দুই আরোহীর নিহত হন ও একজন গুরুতর আহত হন।